

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.২০১৭/

৬৫৭

তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩৬/২০২২

বিষয়: আমদানিকৃত “Pureit MOS Classic Micro Fiber Mesh” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: Unilever Bangladesh Limited এর ০৭/০৭/২০২২ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Unilever Bangladesh Limited নামক প্রতিষ্ঠান “Pureit MOS Classic Micro Fiber Mesh” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Unilever Bangladesh Limited
আবেদনকারীর ঠিকানা	Unilever Bangladesh Limited, Shanta Forum, 11th - 14th Floor, Plot No 187/188-B, Bir Uttam Mir Showkat Road, Tejgaon I/A, Dhaka.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Pureit MOS Classic Micro Fiber Mesh
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	As spare part
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8421.99.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:

Pureit MOS Classic Micro Fiber Mesh পণ্যটি pureit classic MO5 water purifier device মেশিনের অবিচ্ছেদ্য অংশ এবং spare part হিসেবে ব্যবহৃত হবে। পণ্যটি As spare part প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যের উপাদান হচ্ছে Plastic and mesh of micro fibers. Microfiber mesh এর দুইটি অংশ, polypropylene frame এবং polyester cloth.

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

Explanatory Notes এ Filter এবং Purifier শব্দদুটিকে আলাদাভাবে ব্যবহার করা হয়েছে। আমদানিতব্য পণ্যটি Pureit Classic এর অংশ হলেও এর নিজস্ব Filter Function রয়েছে, তথা এটি নিজেই একটি Filter। এ প্রসঙ্গে আমদানিকারক তাঁর আবেদনে উল্লেখ করেছেনঃ “..its sole purpose is to filter out visible dirt particles from water as a part of the pureit classic device”. সুতরাং, চাহিত HS Code 8421.99.00 এ Parts হিসেবে পণ্যটি শ্রেণীবিন্যাসিত হওয়ার সুযোগ নেই। উপরন্তু Explanatory Notes এর পৃষ্ঠা XVI-8421-3 এ Filtering or Purifying machinery and apparatus for liquids or gases এর বর্ণনায় বলা হয়েছে “..the liquid filters of this group separate solid, fatty, colloidal etc. particles from a liquid, for example, by passing it through a sheet, membrane or mass of porous material (e.g.,

cloth, felt, wire cloth,...)” এবং আমদানিতব্য পণ্যটি এ বর্ণনা অনুযায়ী কাজ করে থাকে. এমতাবস্থায় BCT এবং Explanatory Notes এর ব্যাখ্যা অনুসারে এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিতব্য “Pureit M05 Classic Micro Fiber Mesh” নামীয় পণ্যটি HS Code 8421.21.20 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৫/০৯/২০২২

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.২০১৭/ ৩৫৭

তারিখ: ১৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।


২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Unilever Bangladesh Limited, Shanta Forum, 11th -14th Floor, Plot No 187/188-B, Bir Uttam Mir Showkat Road, Tejgaon I/A, Dhaka.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbreclassification@gmail.com